

## অলৌকিক চাবিওয়ালা

আড়ির দরজায় তালা ঝুলছে  
অর্থনীতির সদর দপ্তরে তালা ঝুলছে  
এবং চিন্তাজগতের লকগেটগুলিতেও তালা ঝুলছে,  
অ্যাত তালা কারা আমদানি করেছে  
তা সকলেই জানে  
কিন্তু মুখে কেউ সেকথা বলতে পারছে না  
সকলের জিভ এবং ঠোঁটের সঙ্গে  
অদৃশ্য তালা লাগিয়ে দেওয়া হয়েছে।

নানা আকারের এবং  
নানা রঙের তালা — সর্বত্র ঝুলছে,  
এইসব তালাগুলির দিকে  
করণভাবে তাকিয়ে আছে কোটি কোটি মানুষ  
যারা ভারতবর্ষের পথে পথে ঘুরছে  
এবং খুঁজে বেড়াচ্ছে সেই অলৌকিক চাবিওয়ালাকে  
যে এখন আত্মগোপন করে রয়েছে।

## আগস্তক

যদি কখনও তুমি ভুল করে  
আমাদের এই অ্যাপার্টমেন্টে দুকে পড়ো।  
তারপর লিফ্ট দিয়ে সোজা ছ'তলায়  
আমার ফ্ল্যাটের সামনে এসে হাজির হও  
এবং দেখো ফ্ল্যাটের দরজা বন্ধ  
তাহলে অন্ততঃ বার'দুই কলিং - বেল টিপবে  
এরপরেও যদি ভেতর থেকে কোনও সাড়া না পাও  
তাহলে নিশ্চয়ই আমি গভীর ঘূম আচছন্ন;  
তুমি দয়া করে কিছুক্ষণ দরজার কাছে অপেক্ষা কোরো।  
এবং বার বার কলিং - বেল বাজিয়ে, আমার ঘূম ভাঙিয়ে  
তুমি অবশ্যই দেখা কোরো, ফিরে যেয়ো না।  
অনেক কথা তোমাকে বলার আছে  
এবং অনেক কথা এখনও আমার শোনা হয়নি  
সুতৰাং কোনও একদিন তুমি নিশ্চয়ই আসবে, তোমার সঙ্গে দেখা হলেই মুখোমুখি বসবো  
ছ'তলার ঐ খোলামেলা ব্যালকনিতে  
তারপর দু'জনে চা খাবো, গল্প করবো;  
আমার মুখ - চোখ এবং কঢ়স্বর  
আমার ভীষণ চেনা হয়ে গেছে  
যদিও মুখোমুখি তোমাকে দেখিনি  
তবুও তোমার বর্ণনা সুন্দরভাবেই দিতে পারি  
এবং দ্বিধাইনভাবে বলতে পারি  
সৃষ্টি - প্লায়ের গোপন ফরমুলাগুলি তোমার ফাইলে বাঁধা,  
সকলেই তোমাকে চেনে এবং জানে  
অর্থচ এই বিশাল মানচিত্রের মাঝখানে কিছুতেই  
তোমাকে খুঁজে পাওয়া যায় না।  
আমার ফ্ল্যাটের দরজা যদি বন্ধ থাকে  
বারবার কলিং - বেল টিপবে  
প্রয়োজন হলে দরজা ভেঙে ফেলবে  
এবং আমার সঙ্গে অবশ্যই দেখা করবে  
তুমি কিন্তু ফিরে যেয়ো না।

দুর্গাদাস চট্টোপাধ্যায়